

যুক্তরাষ্ট্রে শিক্ষার্থী ভিসা কড়াকড়ি করতে সিনেটের আহ্বান

■ নিউইয়র্ক থেকে বিটিনিউজ
নিউইয়র্কের ফেডারেল রিজার্ভ ভবন
বোম্বাটমের উদ্ভিড়ে দেয়ার পরিকল্পনার
অভিযোগে এক বাংলাদেশি ছাত্র প্রেক্ততার
হওয়ার পর বিদেশি শিক্ষার্থীদের ভিসা
দেয়ার ক্ষেত্রে পৃষ্ঠা ১৯ কলাম ৭

যুক্তরাষ্ট্রে শিক্ষার্থী

প্রথম পৃষ্ঠার পর
কড়াকড়ি আরোপের দাবি জানিয়েছেন এক সিনেটর।
সিনেটে জুভিশিয়ারি কমিটির চেয়ারম্যান ও ডেমোক্রেট দলীয় সিনেটর চাক
তামার বৃহস্পতিবার সাংবাদিক সম্মেলনে বলেন, কিছু ইউনিভার্সিটির মাধ্যমে বিদেশি
ছাত্র-ছাত্রীরা সহজে ভিসা পাচ্ছে। এর মাধ্যমেই সত্ৰাসীদের যুক্তরাষ্ট্রে প্রবেশের
পথ খোলা থেকে যাচ্ছে। এ কারণে শিক্ষার্থী ভিসার নীতিমালা আরো কঠোর করতে
অবিলম্বে একটি বিল পাসের জন্য কংগ্রেস সদস্যদের প্রতি আহ্বান জানান তিনি।
প্রেক্ততার হওয়া নাফিসকে ভিসা দেয়া প্রসঙ্গে এই সিনেটর বলেন, মিসৌরি
ইউনিভার্সিটি নাফিসের ভিসার আবেদনে সুপারিশ করে কোনো অন্যান্য করেনি বলে
যারা যুক্তি দেখাচ্ছেন তারা এ বিষয়টি খতিয়ে দেখেন না যে, স্বল্প সময়ের মধ্যেই
নাফিসকে নিউইয়র্কে বদলির অনুমতি দেয়া হয়েছে। এভাবেই নাফিসের 'পরিকল্পনা'
বাতবায়নের পথ সুগম হয়েছিল বলে মন্তব্য করেন সিনেটর।
সরকারি হিসেবে ২০১০-২০১১ অর্থ বছরে যুক্তরাষ্ট্রের কলেজ-ইউনিভার্সিটিতে
বিদেশি ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল ৭ লাখ ২৩ হাজার। এসব ছাত্র-ছাত্রী প্রতি বছর
বেতনসহ অন্যান্য খাতে দুই হাজার কোটি ডলারের বেশি ব্যয় করেন। আর এদের
একটি উন্নয়নযোগ্য অংশ আসেন এশিয়া থেকে, যার শীর্ষে রয়েছে ভারত ও চীন।
যুক্তরাষ্ট্রে বাংলাদেশি ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩ হাজারের বেশি নয় বলে স্টেট
ডিপার্টমেন্টের কর্তৃতারা জানিয়েছেন।
২০০১ সালের ১১ সেপ্টেম্বরে সত্ৰাসী হামলার পর স্টেট ডিপার্টমেন্ট যে ২৫
দেশকে কালো তালিকাভুক্ত করেছিল, তাতে বাংলাদেশও ছিল। অনেক চেটার পর
২০০৫ সালে বাংলাদেশের নাম বাদ দেয় যুক্তরাষ্ট্র।